15

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. 24 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

# বাজেটে শিক্ষা খাতের ব্যয় বরাদ্দ একশ' ভাগ বৃদ্ধি করার দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ "শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলন"-এর আহবায়ক সাবেক সংসদ সদস্য মিয়া আবদুল্লাহ ওয়াজেদ শিক্ষা খাতে বরাদ্দ আরো বৃদ্ধি করার এবং অন্য সকল খাত থেকে বরাদ্দ কমিয়ে শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধে আলাদা সেল গঠনের দাবি জানিয়েছেন। গতকাল এক বিবৃতিতে তিনি প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে রাজস্ব ও উন্নয়ন ব্যয় ৫ হাজার ১৪৯ কোটি ২৮ লক্ষ টাকা বরাদ্দকে অপর্যাপ্ত বলে উল্লেখ করে এ খাতে ব্যয় বরাদ্দ ১০০ ভাগ বৃদ্ধি করার দাবি জানান। তিনি শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলনকে সামাজিক আন্দোলনে রূপ দিতে বিভিন্ন কর্মসূচী গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানান।